

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

‘ইলেক্ট্রনিক টেন্ডার
বুট-ঝামেলা নেই আর’

নং- ২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪(৪).২৫-১০৯

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ


পরিপত্র

বিষয়: পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫৪ প্রয়োগসংশ্লিষ্ট বিষয়সমূহ স্পষ্টীকরণ।

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬-এর উদ্দেশ্যপূরণকল্পে বর্ণিত মূলনীতিসমূহের প্রতিপালন নিশ্চিতকল্পে সরকার কর্তৃক প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫) ২৮শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হয়েছে এবং অবিলম্বে কার্যকর হয়েছে।

০২। পিপিআর, ২০২৫ জারি হওয়ার পর হতে উক্ত বিধিমালায় বিধি ১৫৪ এর প্রয়োগের ক্ষেত্রে ক্রয়কারী, দরপত্রদাতাগণ এবং ক্রয়সংশ্লিষ্ট অপরাপর অংশীজন কর্তৃক উত্থাপিত বিভিন্নরূপ প্রশ্নের পরিপ্রেক্ষিতে বিপিপিএ কর্তৃক নিম্নরূপ স্পষ্টীকরণ করা হলো:

- ক) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ জারির তারিখ (২৮শে সেপ্টেম্বর, ২০২৫) বা এর পরবর্তীকালে দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি বা আগ্রহব্যক্তকরণের অনুরোধপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধপত্র জারির মাধ্যমে যে সকল ক্রয় প্রক্রিয়াকরণ করা হয়েছে, সে সকল ক্রয়ের সকল ধাপের ক্ষেত্রে পিপিআর, ২০২৫ কার্যকর হবে। ২৮ সেপ্টেম্বর, ২০২৫ বা তৎপরবর্তী তারিখসমূহে পূর্বতন পিপিআর, ২০০৮-এর অধীন দরপত্র বিজ্ঞপ্তি বা আগ্রহব্যক্তকরণের অনুরোধপত্র জারির মাধ্যমে নতুন কোনো ক্রয় প্রক্রিয়াকরণ করার সুযোগ নেই।
- খ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ জারির পূর্বদিন পর্যন্ত দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি বা আবেদন বা প্রস্তাব দাখিলের অনুরোধপত্র জারির মাধ্যমে কোনো ক্রয় প্রক্রিয়াকরণ করা হয়ে থাকলে উক্ত দরপত্র, কোটেশন, আবেদন বা প্রস্তাব পিপিআর, ২০০৮-এর আলোকে মূল্যায়নের মাধ্যমে চুক্তিসম্পাদনের নোটিশ জারি করা যাবে। উক্ত সময়কালে কোনো আগ্রহব্যক্তকরণের অনুরোধপত্র জারি করা হলে তার বিপরীতে পিপিআর, ২০০৮ অনুসরণে সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন ও অনুমোদনপূর্বক পিপিআর, ২০২৫-এর অধীন ক্রয়ের পরবর্তী ধাপসমূহ নিষ্পত্তি করতে হবে।
- গ) ২৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে বা তার পরবর্তীকালে যে সকল ক্রয় পিপিআর, ২০০৮ এর অধীন মূল্যায়ন প্রক্রিয়ায় চুক্তি পরিচালনা বা ব্যবস্থাপনা পর্যায়ে অগ্রায়িত হয়েছে বা হবে, সে সকল ক্রয়ে পিপিআর, ২০০৮ অনুযায়ী প্রণীত দরপত্র দলিল তথা চুক্তি দলিলের সাধারণ শর্তাবলি (জিসিসি) বা বিশেষ শর্তাবলি (পিসিসি)-তে বর্ণিত সুস্পষ্ট শর্তসমূহ (Express Terms) (কার্য সমাপ্তির তারিখ সম্প্রসারণ, বিলম্বজনিত জরিমানা, কার্যসম্পাদন জামানত, অনুমিত রক্ষণযোগ্য অর্থ, ভেরিয়েশনের বিভিন্ন মূল্যধাপ অনুসরণ, ইত্যাদি) যদি পিপিআর, ২০২৫-এর সাথে সাংঘর্ষিক হয় তবে চুক্তি দলিলের জিসিসি বা পিসিসি-তে বর্ণিত সুস্পষ্ট শর্তসমূহ (Express Terms) প্রযোজ্য হবে। তবে চুক্তি দলিলে সরাসরি উল্লিখিত নয় এরূপ ধর্তব্য শর্তসমূহের (Implied Terms) ক্ষেত্রে পিপিআর, ২০২৫ প্রযোজ্য হবে।
- ঘ) পিপিআর, ২০০৮-এর অধীন গৃহীত কোনো ক্রয়চুক্তির ক্ষেত্রে ইতোমধ্যে পিপিআর, ২০২৫-এ বর্ণিত বিভিন্ন মূল্যসীমা বা সময়সীমা অতিক্রান্ত হয়ে থাকলে (সীমা হ্রাসের ক্ষেত্রসমূহে) তা পিপিআর, ২০০৮ অনুযায়ীই নিষ্পত্তি করতে হবে।



(এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ)

প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)

বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)

(পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য)

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, উপদেষ্টার কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (তঁার মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ)
..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
৩. সদস্য, পরিকল্পনা কমিশন,শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল)
.....

নং- ২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪(৪).২৫-১০৯

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (উপদেষ্টা/বিপিপিএ পরিচালনা পর্ষদের সভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
২. সচিবের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (সচিব/বিপিপিএ পরিচালনা পর্ষদের সহসভাপতি মহোদয়কে সদয় অবহিতকরণের অনুরোধসহ);
৩. প্রধান নির্বাহী কর্মকর্তার (সচিব) ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ (প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব) মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য);
৪. অফিস কপি।



(শাহ ইয়ামিন-উল ইসলাম)
পরিচালক (উপসচিব)
ফোনঃ ০২-৪৮১১৯৩৯৯